গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভৈরব, কিশোরগঞ্জ।
www.bhairab.kishoreganj.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৪৮১১.০০০.০৯.০২৭.২০১১-১২৯ (১০০) তারিখ : ১১/০২/২০২১ খ্রি.।

## ফেরীঘাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

ভৈরব উপজেলাধীন নিম্ন বর্ণিত "ভৈরব ফেরীঘাট হতে মৎস্য আড়ত পর্যন্ত নৌকা/ ইঞ্জিনচালিত নৌযান ঘাট" ১৪২৮ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী পেশাদার পাটনীগণের/ ব্যক্তিগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী মোতাবেক নির্ধারিত সিডিউলে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ আগামী ০২/০৩/২০২১ খ্রি. তারিখ বেলা ১.০০ ঘ. পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভৈরব ও জেলা প্রশাসক, কিশোরগঞ্জ কার্যালয়ে (এলজি শাখায়) রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। উক্ত তারিখ বেলা ১.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) বর্ণিত অফিসসমূহে দরপত্র খোলা হবে। দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস সময়ে উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব, সহকারী কমিশনার (ভূমি), ভৈরব ও জেলা প্রশাসকের কার্যালয় (এলজি শাখা), কিশোরগঞ্জ হতে নির্ধারিত (অফেরৎযোগ্য) মূল্যে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

উল্লেখ্য যে, দরপত্র দাখিলের উপরোক্ত তারিখে কোন দরপত্র পাওয়া না গেলে অথবা দাখিলকৃত দরপত্রে উদ্ধৃত দর কর্তৃপক্ষ/ উপজেলা পরিষদ কর্তৃক গৃহীত না হলে পরবর্তী ৯/০৩/২০২১ খ্রি., ১৬/০৩/২০২১ খ্রি., তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত উল্লেখিত অফিসসমূহে দরপত্র গ্রহণ করা হবে। এক্ষেত্রে প্রতিবার দরপত্র দাখিলের ধার্য্য তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) দরপত্র সিডিউল উল্লেখিত অফিসসমূহ হতে ক্রয় করা যাবে।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

### ফেরীঘাটের বিবরণ

| ক্রমিক নং | ফেরীঘাটের নাম | সম্ভাব্য মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|
| ১ | ভৈরব ফেরীঘাট হতে মৎস্য আড়ত পর্যন্ত নৌকা/ ইঞ্জিনচালিত নৌযান ঘাট | ৮,২৮,০৪৬.০০ | টা. ২,০০০/- |

**শর্তাবলী :**

০১ জন্মগত পেশাদার পাটনীগণকে অগ্রাধিকার দেয়া হবে (পাটনী সংক্রান্ত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভা কর্তৃক প্রদত্ত সনদপত্র/ পরিচয়পত্র দাখিল করতে হবে)।

০২ সীলমোহরকৃত খামের উপর দরপত্রের অধীন ফেরীঘাটের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

০৩ দরপত্রে উল্লেখিত দরের ২৫% ভাগ অর্থের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব এর নামে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০৪ অনিবার্য কারণে কর্তৃপক্ষ দরপত্র দাখিলের তারিখ পরিবর্তন বা বাতিল করতে পারবেন।

০৫ সর্বোচ্চ দরপত্র অনুমোদনের জন্য বিবেচনা করা হবে। উপজেলা পরিষদের অনুমোদনের পর গৃহীত দরদাতাকে অবহিত করার ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% টাকা ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং দরপত্রের সাথে দাখিলকৃত জামানত বাবদ ২৫% অর্থের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার বাজেয়াপ্ত করা হবে। বাজেয়াপ্ত ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের টাকা উপজেলা পরিষদের রাজস্ব হিসেবে গণ্য হবে।

০৬ গৃহীত দরপত্রদাতা ইজারার স্থিরকৃত মূল্যের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট দিতে হবে। এছাড়াও সরকার কর্তৃক অন্য কোন করারোপ করা হলে উহাও পরিশোধ করতে হবে। গৃহীত দরের ৫% আয়কর এবং ১৫% ভ্যাটের (মূল্য সংযোজন কর) টাকা সংশ্লিষ্ট কোডে জমা করে ২৫০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করার পর ফেরীঘাটের অস্থায়ী দখল হস্তান্তর করা হবে।

০৭ ইজারাদার কর্তৃক ফেরীঘাটের রক্ষণাবেক্ষণ করতে হবে।

০৮ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত টোলচার্ট অনুযায়ী টোল আদায় করতে হবে। অনুমোদিত টোলচার্ট জনসাধারণের জ্ঞাতার্থে ইজারাদার কর্তৃক নিজ খরচে ফেরীঘাট সংলগ্ন বিভিন্ন স্থানে ঝুলিয়ে রাখতে হবে। নির্ধারিত রেট এর অধিক টোল আদায় করা যাবে না। অতিরিক্ত টোল আদায় কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণিত হলে ইজারাদারের সাথে ইজারা সংক্রান্ত চুক্তিপত্র বাতিল করা হবে।

০৯ গৃহীত দরপত্রদাতা কোনক্রমেই ইজারা প্রাপ্ত ফেরীঘাট অন্যের নিকট ইজারা (সাবলীজ) দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ কিংবা চুক্তিপত্রের কোন শর্ত লংঘন ধরা পড়ে তবে ইজারা বাতিল বলে গন্য হবে এবং ইজারাদার আইনগত দন্ডনীয় হবে।

চলমান-০২

১০ কর্তৃপক্ষ প্রয়োজনে দর যাচাইয়ের জন্য সর্বোচ্চ দরদাতার দর কার্যকর রেখে পূন: দরপত্র আহবান করতে পারবেন। উক্ত দরপত্র দাতা পরবর্তী দরপত্রে অংশ গ্রহণ করলে শুধুমাত্র অতিরিক্ত দরের ২৫% ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার সংযোজন করে দরপত্র দাখিল করতে হবে।

১১ সরকারী যে কোন আদেশ যখন জারী করা হবে তা অবশ্যই পালন করতে হবে।

১২ কোন কারণে নির্ধারিত সময়ের মধ্যে ফেরীঘাট দখল হস্তান্তর বিলম্ব হলে ১লা বৈশাখ হতে দখল হস্তান্তরের পূর্ব পর্যন্ত খাস আদায়ের টাকা বিধি মোতাবেক ইজারাদার প্রাপ্য হবেন।

১১/০২/২০২১

লুবনা ফারজানা
আহবায়ক
ফেরিঘাট ইজারা দরপত্র মূল্যায়ন কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
ভৈরব, কিশোরগঞ্জ।
ফোন : ০২-৯৪৭০৫৭২
ফ্যাক্স : ০২-৯৪৭০১৭২
email-unobhairab@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৪৮১১.০০০.০৯.০২৭.২০১১-১২৯ (১০০) তারিখ : ১১/০২/২০২১ খ্রি.।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ**

০১. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ
০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

০৪. উপজেলা নির্বাহী অফিসার, ............................... কিশোরগঞ্জ। অবগতি ও তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে বহুল প্রচারের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৫. মেয়র, ভৈরব পৌরসভা। অবগতি ও তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে বহুল প্রচারের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৬. সহকারী কমিশনার (ভূমি), ভৈরব/ উপজেলা .............................,অফিসার, ভৈরব অবগতি ও তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৭. চেয়ারম্যান ......................... ইউপি। তাঁর ইউনিয়ন পরিষদের আওতাধীন হাট-বাজারে মাইক/ ঢোল সহরতের মাধ্যমে এবং তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে দরপত্র বিজ্ঞপ্তিটি টাঙ্গিয়ে ব্যাপক প্রচারসহ দরপত্র দাখিলের তারিখ ও সময় ঘোষনা করে অত্রাফিসে সার্ভিস রির্টান প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
০৮. সভাপতি, ভৈরব প্রেস ক্লাব, ভৈরব তাঁকে তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে দরপত্র বিজ্ঞপ্তিটি টানিয়ে ব্যাপক প্রচারের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৯. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পৌর ভূমি অফিস ভৈরব। তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে উক্ত বিজ্ঞপ্তিটি টাঙ্গিয়ে প্রচার করা ছাড়াও তহশীলের আওতাধীন হাট-বাজার সমূহে ঢোল সহরতের মাধ্যমে দরপত্র দাখিলের তারিখ ও সময় ঘোষনা করে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার করে উহার সার্ভিস রিটার্ন এ কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১০. জনাব .................................................... ইজারাদার/ প্রাক্তন ইজারাদার .......... .... .... ... ....................
১১. অফিস কপি।

১১/০২/২০২১

উপজেলা নির্বাহী অফিসার
ভৈরব, কিশোরগঞ্জ।